22 NOV 1995

আজকের কাগজ 58

তারিখ ::: ::: ::: ::: ::: ::: ...
পৃষ্ঠা ৬ ::: ::: কলাম ::: ৫......

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ফরিদপুরের শহিদুল্লাহ কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে ১ লাখ টাকা আত্মসাতের অভিযোগ

পাবনার ফরিদপুর থানার শহিদুল্লাহ কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে প্রায় ১ লাখ টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। কলেজের পরিচালনা কমিটির সভায় এ তথ্য ফাঁস হয়ে পড়ে। কমিটির সভাপতি

স্থানীয় সাংসদ সাইফুল আজম সুজা বিষয়টি জানতে পেরে ফরিদপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগের বিবরণে প্রকাশ, গভর্নিং বডির কতিপয় সদস্যের যোগসাজশে অধ্যক্ষ দীর্ঘদিন যাবৎ ইংরেজী, রসায়ন ও মনোবিজ্ঞানের শিক্ষকের নামে উল্লেখিত পরিমাণ টাকা তুলে আত্মসাৎ করেছেন। অথচ দীর্ঘদিন যাবৎ উল্লেখিত বিষয়ের শিক্ষকরা চাকরিতে ইস্তফা দিয়ে অন্যত্র চলে গেছেন। ইংরেজীর শিক্ষক মোহসীন আলী, মনোবিজ্ঞানের গোলম সাকলায়েন অন্য কলেজে কর্মরত। রসায়নের শিক্ষক হেলালুর রহমান ঢাকায় চাকরি করছেন। অধ্যক্ষ রসায়নের শিক্ষকের টাকা তুলে অর্ধেক তাঁর নামে পাঠিয়ে দেন। এ নিয়ে উচ্চ পর্যায়ের তদন্ত হলে আরো গোপন রহস্য জানা যাবে বলে অন্যান্য শিক্ষকরা মন্তব্য করেন। ফরিদপুর থেকে মির্জা বসিত।